



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

7 SEPTEMBER 2024

7:35 AM IST

=====

রাজ্যে মসূন প্রশাসন ব্যবস্থা এবং দ্রুত আঞ্চলিক উন্নয়নের যাত্রায় এক উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে গতকাল ডিব্রুগড়ের মাইজানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মুখ্যমন্ত্রী সচিবালয়ের উদ্বোধন করেন। এই সচিবালয় লোয়ার আসামের ডিব্রুগড় সহ ৯ টি জেলার প্রায় ৭৯ লক্ষ লোকের সঙ্গে প্রশাসনের সংযোগ বৃদ্ধি করবে এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রকল্প তথা তথা প্রকল্পের ধারাবাহিক নিরীক্ষণ এবং স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত করতে সহায়তা করবে। সচিবালয়ের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডঃশর্মা গতকাল ১৬ টি করে সিদ্ধান্ত সন্নিবিষ্ট প্রথম নির্দেশনায় সাক্ষর করেন। মুখ্যমন্ত্রীর সাক্ষর করা নির্দেশনা অনুযায়ী এখন থেকে প্রতিবছর ২৬ শে জানুয়ারী সাধারণতন্ত্র দিবসের দিন মুখ্যমন্ত্রী ডিব্রুগড়ের সচিবালয় প্রাংগনে পতাকা উত্তোলন করবেন। একই নির্দেশনায় মুখ্যমন্ত্রী রাজ্যের ১৯ টি জেলা আয়ুক্তের বদলির নির্দেশে ও সাক্ষর করেছেন। মুখ্যমন্ত্রীর সাক্ষর করা অন্য আরেকটি নির্দেশনা অনুযায়ী ১৪ ই সেপ্টেম্বর করম পূজা উপলক্ষে সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে। মুখ্যমন্ত্রীর সাক্ষর করা আরেকটি নির্দেশনায় আদর্শ বিদ্যালয় সংগঠনের অধ্যক্ষ হিসেবে ডঃ ননীগোপাল মহন্ত কার্যনির্বাহ করে যাবেন।

রাজ্য সরকারের কর্মচারী বিভাগের প্রধান সচিবের জারি করা এক নির্দেশ অনুযায়ী রাজ্যের ১৯ টি জেলার আয়ুক্তকে বদলি করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝাঁকে বরপেটায় বদলি করা হয়েছে। অন্যদিকে করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদবকে কাছাড় জেলার আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে। অন্যদিকে কোকরাঝার জেলার আয়ুক্ত পি কে দ্বিবেদিকে

করিমগঞ্জে বদলি করা হয়েছে। কামরুপ জেলা আয়ুক্ত কীর্তি জলীকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে।

সীমান্ত সুরক্ষা বাহিনী (বি এস এফ) বর্ডার গার্ড বাংলাদেশ (বি জি বি) কে বাংলাদেশি নাগরিকদের ভারতের ভূখণ্ডে অবৈধ প্রবেশ প্রতিরোধ করতে বলেছে। উভয় দেশের সীমান্ত সুরক্ষা বাহিনীর মধ্যে এই বিষয় নিয়ে ভারত বাংলাদেশ সীমান্তে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে বি জি বি বাংলাদেশে বসবাসরত ভারতীয় নাগরিক এবং সংখ্যালঘু লোকদের সুরক্ষায় সবধরনের পদক্ষেপ গ্রহণ করবে বলে আশ্বাস দেয়। এক বিজ্ঞপ্তিতে বি এস এফ জানায় যে সীমান্ত অঞ্চলে শান্তি বজায় রয়েছে এবং সীমান্ত অঞ্চলের লোকদের সুরক্ষা সুনিশ্চিত করতে তারা দায়বদ্ধ।

মণিপুরের বিষ্ণুপুর জেলার মৈরাঙে গতকাল রকেট লঞ্চারের সাহায্যে বোমা হামলায় একজন বৃদ্ধ নিহত হওয়া সহ ৫ জন লোক আহত হন। পুলিশ সূত্রে জানা গেছে যে গতকাল বিকেলে দুষ্কৃতকারীরা অস্ত্রশস্ত্র নিয়ে মৈরাঙ চেন্দ্র পথের পাশে দেশের স্বাধীনতা আন্দোলনের ঐতিহাসিক স্থান মৈরাঙয়ের আই এন এ মেমরিয়াল কমপ্লেক্সের পাশে একটি বাসস্থানে এই বিস্ফোরণ সংঘটিত করে। এই বাসস্থানটি আই এন এ এর মুক্তিযোদ্ধা তথা মণিপুরের প্রাক্তন মুখ্যমন্ত্রী এম কৈরেং সিংয়ের বলে জানা গেছে। এদিকে রাজ্যটির আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর পরিপ্রেক্ষিতে মণিপুর সরকার আজ সব স্কুল কলেজ বন্ধ ঘোষণা করেছে।

ধিং ধর্ষণকান্ডে পলাতক ২ অভিযুক্ত গতকাল নগাঁও জেলা পুলিশ সুপারের কাছে আত্মসমর্পন করেছে। এই ঘটনা সংঘটিত করার পর এই দুই অভিযুক্ত পাশ্চাত্যী নাগালেণ্ডের ডিমাপুর এবং মরিগাঁওয়ে আত্মগোপন করে ছিল। উভয়কে পুলিশী জেরা অব্যাহত রয়েছে।

হাইলাকান্দ্রির জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১৪ সেপ্টেম্বর হাইলাকান্দ্রিতে লোক আদালত অনুষ্ঠিত হবে। হাইলাকান্দ্রির জেলা ও দায়রা জজ আদালতের প্রাঙ্গণে এই লোক আদালতের আয়োজন করা হয়েছে। এতে ব্যাংক বিদ্যুৎ এবং বিএসএনএল সম্মান দিয়ে মামলা এবং আদালতে বিচারাধীন মামলা আপোষ মীমাংসার দ্বারা নিষ্পত্তি করা হবে। যারা ইতিমধ্যে লোক আদালতের নোটিশ পেয়েছেন বা মামলা নিষ্পত্তির জন্য আগ্রহী তাদেরকে সংশ্লিষ্ট আদালতে বা অফিসারের সঙ্গে আগাম যোগাযোগ করতে বলা হয়েছে। লিগ্যাল সার্ভিস অথরিটির সচিব এক বিজ্ঞপ্তিতে লোক আদালতের মামলার নিষ্পত্তি করতে ইচ্ছুক ব্যক্তিদেরকে সহায়তার জন্য ফোন বা হোয়াটসঅ্যাপ এর মাধ্যমে যোগাযোগ করতে অনুরোধ জানিয়েছেন। এ'ব্যাপারে আইনি সহায়তার জন্য আজিজুর রহমান লস্কর (9854468517) এর সঙ্গে যোগাযোগ করা যাবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

করিমগঞ্জ স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক পত্র যোগে করিমগঞ্জ জেলায় নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের মেডিকেল ফিটনেস সার্টিফিকেট প্রদান সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে বলে জানিয়েছেন। ওই পত্রে উল্লেখ করা হয়েছে যে একই সাথে অধিক সংখ্যক সহকারী শিক্ষক করিমগঞ্জ স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালকের কার্যালয়ে মেডিকেল ফিটনেস সার্টিফিকেট প্রদানের জন্য উপস্থিত হওয়ায় বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে এবং স্বাভাবিক কাজের পরিবেশ বিঘ্নিত হচ্ছে। এর পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক শিক্ষা বিভাগ ও জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে

অতি শীঘ্র সহকারি শিক্ষকদের ফিটনেস সার্টিফিকেট প্রদান করার পরিকল্পনা তৈরি করা হবে বলে জানিয়েছেন।

হাইলাকান্দি ডি এস এ আয়োজিত নকআউট ফুটবল চ্যাম্পিয়নশিপের আজ প্রতিযোগিতার তৃতীয় কোয়ার্টার ফাইনালে বিলপারে একাদশ খেলবে রয়েল অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে।

এদিকে দ্বিতীয় দল হিসেবে সেমিফাইনালে পৌঁছল ভারতের কুপা এফসি। গতকাল প্রতিযোগিতার দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে তারা ৫-০ গোলে বিপক্ষ সোনাইছড়া ফুটবল ক্লাবকে পরাজিত করেছে।
